তারিখ ....21 MAY 2016..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

দৈনিক
আমাদের সময়

# কচুয়ার ৫৫ প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

## ৮৩ সহকারী শিক্ষক পদ শূন্য

**জিসান আহমেদ নান্নু, কচুয়া ●**

চাঁদপুরের কচুয়ায় ৫৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকবিহীন চলছে শিক্ষা কার্যক্রম। দিনের পর পর এসব শিক্ষাপ্রতিষ্ঠান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে চলছে।

এ ছাড়া ৮৩টি সহকারী শিক্ষক পদশূন্য রয়েছে। বিদ্যালয়গুলোয় চাহিদার বিপরীতে শিক্ষক কম থাকায় এক দিকে যেমন শিক্ষার্থীদের স্বাভাবিক পাঠদান ব্যাহত হচ্ছে অন্যদিকে বাড়তি শিক্ষার্থীদের চাপে হিমশিম খেতে হচ্ছে শিক্ষকদের। ফলে বাধ্য হয়ে শিক্ষার্থীদের বিদ্যালয়ের পাঠদানের বাইরে প্রাইভেট পড়তে হচ্ছে।

এ ব্যাপারে কচুয়া উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মিনহাজ উদ্দীন জানান, জটিলতা নিরসন ও সহকারী শিক্ষক পদ নিয়োগ প্রক্রিয়াসম্পন্ন হলেই এ সমস্যার অবসান হবে।

অপর দিকে উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি তাজুল ইসলাম জানান, বিভিন্ন জটিলতার কারণে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগে সংকট রয়েছে। এ সংকট নিরসন জরুরি।